# চতুর্থ অধ্যায়: সমাজকর্ম সম্পর্কিত প্রত্যয়

## ★★ সমাজকল্যাণের ধারণা, সমাজকল্যাণের লক্ষ্য ও উদ্দেশ্য

১. প্রাক-শিল্প যুগের অর্থকেন্দ্রিক সমস্যার সাথে বর্তমানে কোনটি যুক্ত হয়েছে? [জ্ঞান]

ক মানসিক সমস্যা
খ অর্থনৈতিক সমস্যা
গ রাজনৈতিক সমস্যা
ঘ পেশা নির্বাচনের সমস্যা **ক**

২. আধুনিক সমাজকল্যাণ বিকাশের পটভূমি হলো— [অনুধাবন]

ক সামাজিক সমস্যার গতি পরিবর্তন
খ সমাজকল্যাণ সম্পর্কে জ্ঞান বৃদ্ধি
গ প্রযুক্তির ব্যবহার
ঘ সনাতন সমাজকর্মের দুর্বলতা **ক**

৩. কীভাবে মানুষের মধ্যে পারস্পরিক সহযোগিতা ও সহমর্মিতার সৃষ্টি হয়েছে? [অনুধাবন]

ক প্রতিকূল প্রাকৃতিক পরিবেশে বসবাসের ফলে
খ বন্য জন্তুর আক্রমণের ভয় থেকে বাঁচার তাগিদে
গ সংঘবদ্ধ জীবনযাপনের ফলে
ঘ ধর্মীয় অনুশাসন মেনে চলার মাধ্যমে **গ**

৪. কার সংজ্ঞায় মানুষের অন্তর্নিহিত সত্তার পূর্ণ বিকাশের সুস্পষ্ট উল্লেখ রয়েছে? [জ্ঞান]

ক Grace Coyle
খ James Midgley
গ Gertrude wilson
ঘ Walter A. Friedlander **ঘ**

৫. ফ্রিডল্যান্ডার কত সালে সমাজকল্যাণের সংজ্ঞা প্রদান করেন? [জ্ঞান]

ক ১৯৬৩ সালে   খ ১৯৬২ সালে
গ ১৯৬১ সালে   ঘ ১৯৬০ সালে **ক**

৬. 'নিয়ত পরিবর্তনশীল মানব সংস্কৃতি ও সামাজিক প্রতিষ্ঠানের সঙ্গে আদিম প্রকৃতির সামঞ্জস্য বিধান না হবার ফলেই সামাজিক সমস্যার সৃষ্টি হয়'— সংজ্ঞাটি কে দিয়েছেন? [জ্ঞান]

ক রোনাল্ড সি ফেডারিকো
খ অগবার্ন
গ ওয়েন ভেসি   ঘ চার্লস জাস্ট্র **খ**

৭. আধুনিক সমাজকল্যাণের অন্যতম গুরুত্বপূর্ণ লক্ষ্য কোনটি? [অনুধাবন]

ক মৌল মানবিক চাহিদা পূরণ
খ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি
গ গণতান্ত্রিক মূল্যবোধ সৃষ্টি
ঘ আত্মনিয়ন্ত্রণের অধিকার দান **ক**

৮. মানুষের অন্তর্নিহিত সত্তা ও সুপ্ত প্রতিভা বিকাশের প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে থাকে কোনটি? [জ্ঞান]

ক সমাজ ব্যবস্থা   খ সমাজ কল্যাণ
গ সমাজ পরিক্রমা   ঘ সামাজিক কার্যক্রম **খ**

৯. জনাব আরিফ প্রতিষ্ঠিত 'আলোময় গ্রাম' নামক সংগঠনটি সমাজের সকল শ্রেণির কল্যাণ সাধন করার জন্য কর্মসূচি প্রণয়ন করেছে। এ প্রতিষ্ঠানটির ধরনগত দিক কোনটি? [প্রয়োগ]

ক সেবামূলক   খ ধর্মীয়
গ সাংস্কৃতিক   ঘ স্বেচ্ছাপ্রণোদিত **ক**

১০. পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী সুনির্দিষ্ট নীতি ও পরিকল্পনার মাধ্যমে সমাজে বাঞ্ছিত পরিবর্তন আনয়নে মানুষকে সচেতন করে তোলে কোনটি? [জ্ঞান]

ক সনাতন সমাজকল্যাণ
খ আধুনিক সমাজকল্যাণ
গ স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ
ঘ অপেশাদার সমাজকল্যাণ **খ**

১১. আধুনিক সমাজকর্ম অপরাধ ও কিশোর অপরাধ নিরসনে কোন ব্যবস্থাকে অধিক গুরুত্ব দান করে থাকে? /উত্তরা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা/

ক সংশোধনমূলক   খ প্রতিরোধমূলক
গ প্রতিরক্ষামূলক   ঘ শাস্তির মাধ্যমে **ক**

১২. প্রাক শিল্পযুগে মানুষ আর্তমানবতার সেবায় নিজেদের নিয়োজিত করত— [অনুধাবন]

i. মানবিকতাবোধে উদ্বুদ্ধ হয়ে
ii. প্রতিকূল প্রাকৃতিক পরিবেশের কারণে
iii. ধর্মীয় অনুপ্রেরণায় উদ্বুদ্ধ হয়ে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii **খ**

১৩. James Midgley-এর মতানুযায়ী সমাজকল্যাণ প্রত্যয়টিকে সংজ্ঞায়িত করতে প্রয়োজন হবে— [অনুধাবন]

i. বর্ণাত্মক বিশ্লেষণ
ii. বাস্তব পরিমাপযোগ্যতা
iii. গুণাত্মক বিশ্লেষণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii **ঘ**

১৪. সমাজকল্যাণকে System হিসেবে উল্লেখ করা হয়েছে কারণ— [অনুধাবন]

i. এটি সুসংগঠিতভাবে সেবা প্রদান করে
ii. বৈজ্ঞানিক পদ্ধতিতে সেবা দান করে
iii. প্রাতিষ্ঠানিকভাবে সেবা প্রদান করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii   গ ii ও iii   ঘ i, ii ও iii **খ**

Teachingbd.com

http://teachingbd.com

১৫. আধুনিক সমাজকল্যাণ প্রগতিশীল তথা বাস্তবমুখী দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে সাহায্য করে— [অনুধাবন]

i. কুসংস্কার দূর করে
ii. ধর্মীয় গোঁড়ামি পরিহার করে
iii. অদৃষ্টবাদিতা পরিহার করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**

সমাজকল্যাণের প্রথম ক্লাসে সমাজকল্যাণের সংজ্ঞা সম্পর্কে আলোচনা করছিলেন মান্নান স্যার। আলোচনাকালে তিনি একজন মনীষীর নাম উল্লেখ করেন। যার সংজ্ঞায় আধুনিক সমাজকল্যাণের প্রকৃতি ও বৈশিষ্ট্যসমূহ প্রত্যক্ষভাবে উল্লেখ করা হয়েছে।

১৬. উদ্দীপকে মান্নান স্যার কোন মনীষীর সংজ্ঞা সম্পর্কে আলোচনা করেন? [প্রয়োগ]

ক ফ্রিডল্যান্ডার খ জেমস মিজলে
গ ওয়েন ভেসি ঘ চার্লস জাস্ট্র **ক**

১৭. উদ্দীপকে যে মনীষী সম্পর্কে বলা হয়েছে তার সংজ্ঞায় সমাজকল্যাণের উদ্দেশ্য হওয়া উচিত ব্যক্তি ও দলের— [উচ্চতর দক্ষতা]

i. সন্তোষজনক জীবন নিশ্চিত করা
ii. উন্নত স্বাস্থ্যমান অর্জনে সহায়তা করা
iii. সার্বিক কল্যাণের পথ উন্নততর করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ★ ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠান, দানশীলতা

১৮. শর্তহীনভাবে স্বার্থ ত্যাগ করে অপরের কল্যাণে কোনো কিছু দান করার রীতিকে কী বলে? [জ্ঞান]

ক দানশীলতা খ সদকা
গ বায়তুল মাল ঘ সমাজসেবা **ক**

১৯. সমাজকল্যাণের সনাতন দৃষ্টিভঙ্গি কী? [জ্ঞান]

ক প্রযুক্তিগত সহায়তা ও চিকিৎসাসেবা
খ স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় মানবতার সেবা
গ অন্নহীনে অন্নদান ও আর্তের সেবা
ঘ মানবাধিকার ও বিশ্ব শান্তি **গ**

২০. সনাতন সমাজকল্যাণ ব্যবস্থার মূল চালিকাশক্তি কোনটি? *[সকল বোর্ড-২০১৬]*

ক ধর্ম ও নৈতিক শিক্ষা খ ধর্ম ও মানবতাবোধ
গ পরোপকারিতা ও সহযোগিতা
ঘ শান্তি ও জনকল্যাণমুখিতা **খ**

২১. অন্নহীনে অন্ন দান, আর্তের সেবা করা, দানশীলতা এগুলো কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ? *[হামিদপুর আল-হেরা কলেজ, যশোর]*

ক আধুনিক সমাজকর্ম খ সনাতন সমাজকর্ম
গ ধর্মীয় মূল্যবোধ ঘ সাংগঠনিক কার্যাবলি **খ**

২২. সমাজকল্যাণের সনাতন দৃষ্টিভঙ্গি কী? *[বাংলাদেশ নৌবাহিনী কলেজ, চট্টগ্রাম]*

ক প্রযুক্তিগত সহায়তা ও চিকিৎসা সেবা
খ স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় মানবতার সেবা
গ অন্নহীনদের অন্নদান ও আর্তের সেবা
ঘ মানবাধিকার ও বিশ্বশান্তি **গ**

২৩. সমাজের পশ্চাৎপদ, দুস্থ ও অসহায় শ্রেণির কল্যাণে সাহায্য করা কোনটির মূল লক্ষ্য? [অনুধাবন]

ক দানশীলতার খ বায়তুল মালের
গ সরাইখানার ঘ ধর্মগোলার **ক**

২৪. দানশীলতা নির্ভরশীল— [অনুধাবন]

i. ব্যক্তির ইচ্ছার ওপর
ii. ব্যক্তির সামর্থ্যের ওপর
iii. ব্যক্তির মূল্যবোধের ওপর

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ★ সদকা

২৫. বাধ্যতামূলক সদকার উৎস কয়টি? [জ্ঞান]

ক একটি খ দুইটি গ তিনটি ঘ চারটি **খ**

২৬. 'উত্তম ও মিষ্টি কথা বলা সদকা' সহীহ বুখারী হাদিসের কত নং এ বর্ণিত আছে? [জ্ঞান]

ক ২৯৮৬ খ ২৯৮৭ গ ২৯৮৮ ঘ ২৯৮৯ ন **ঘ**

২৭. ঐচ্ছিক সদকা প্রদানের ফলে— [অনুধাবন]

i. মানুষের লঘু পাপ মোচন হয়
ii. অধিক সম্পত্তির অধিকারী হওয়া যায়
iii. পাপ মোচন হওয়ার আশায় মুসলমানরা সদকা প্রদানে উৎসাহী হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:**

মজিদ সাহেব একজন ব্যবসায়ী। ব্যবসার কাজে তিনি বিভিন্ন জায়গায় ঘুরে বেড়ান। যাত্রাপথে মসজিদ কিংবা হাসপাতাল নির্মাণে সাহায্য চাওয়া হয়। তিনি অকাতরে সামর্থ্য অনুযায়ী দান করেন।

২৮. উদ্দীপকে ইঙ্গিতকৃত দান প্রথাটির নাম কী? [প্রয়োগ]

ক বায়তুল মাল খ সদকা
গ ওয়াকফ ঘ যাকাত **খ**

২৯. উক্ত প্রথা — [উচ্চতর দক্ষতা]

i. ব্যক্তির ওপর নির্ভরশীল
ii. স্বেচ্ছাপ্রণোদিত ইবাদত
iii. ধনী-দরিদ্র উভয় কতৃক পালিত হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

http://teachingbd.com

## ★★ যাকাত

৩০. ইসলামি অর্থনীতির ভাষায় কত তোলা স্বর্ণের যাকাত দেওয়া বাধ্যতামূলক? [জ্ঞান]

ক $৫\frac{১}{২}$ খ $৬\frac{১}{২}$ গ $৭\frac{১}{২}$ ঘ $৮\frac{১}{২}$ — গ

৩১. ব্যবসায়িক পণ্যের ওপর কত পরিমাণ যাকাত দিতে হয়? *[ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ]*

ক ৫২*১/২ ভাগ খ ৭*১/২ ভাগ
গ ১/২০ ভাগ ঘ ২*১/২ ভাগ — ক

৩২. ৬০টি গরু থাকলে কয়টি বাছুর যাকাত হিসেবে দিতে হবে? [জ্ঞান]

ক একটি খ দুটি গ তিনটি ঘ চারটি — খ

৩৩. প্রাকৃতিক সেচের মাধ্যমে ফসল ফললে তার কত ভাগ যাকাত দান ফরজ? [জ্ঞান]

ক $\frac{১}{৫}$ খ $\frac{১}{১০}$ গ $\frac{১}{১৫}$ ঘ $\frac{১}{২০}$ — খ

৩৪. যাকাত প্রদানে অস্বীকারকারীকে কে 'মুরতাদ' বলে গণ্য করেছেন? [জ্ঞান]

ক ইমাম আবু হানিফা (র.)
খ হযরত আবু বকর সিদ্দিক (রা.)
গ হযরত উমর (রা.) ঘ মহানবি (স.) — খ

৩৫. যাকাত ধনীদের ওপর ফরজ কেন? [অনুধাবন]

ক সামাজিক বাধ্যবাধকতার জন্য
খ সম্পদে গরিবদের অধিকার আছে বলে
গ সম্পদ পবিত্র করার জন্য
ঘ সম্পদের সুষম বন্টনের জন্য — খ

৩৬. কুরআনের আয়াতে যাকাত প্রাপকদেরকে কয় শ্রেণিতে ভাগ করা হয়েছে? [জ্ঞান]

ক পাঁচ খ ছয় গ সাত ঘ আট — ঘ

৩৭. কোন খলিফার শাসনামলে আরব রাষ্ট্রে যাকাত গ্রহণ করার মতো কোনো দরিদ্র ব্যক্তি ছিল না? [জ্ঞান]

ক ওমর বিন আব্দুল আজিজ
খ হারুন-অর-রশিদ গ হাজ্জাজ বিন ইউসুফ
ঘ ওমর ফারুক — ক

৩৮. সম্পদের প্রয়োজন মূলত কীসের জন্য? *[অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল]*

ক ভোগ বিলাসের জন্য খ ব্যবসা করার জন্য
গ চাহিদা পূরণের জন্য ঘ শিক্ষার জন্য — গ

৩৯. হযরত মুহাম্মদ (স.)-এর ঘোষণায় যাকাতের মাধ্যমে বজায় থাকে— [অনুধাবন]

i. সামাজিক প্রগতি ii. সামাজিক সমন্বয়
iii. সামাজিক সংহতি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — গ

৪০. $২\frac{১}{২}$ % (শতকরা আড়াই ভাগ) বা সমপরিমাণ মূল্য যাকাত হিসেবে দান করতে হবে— *[ক্যান্টনমেন্ট কলেজ, যশোর]*

i. $৭\frac{১}{২}$ তোলা স্বর্ণ জমা থাকলে
ii. $৫২\frac{১}{২}$ তোলা রৌপ্য জমা থাকলে
iii. স্বর্ণ ও রৌপ্য উভয়ের পরিমাণ $৫২\frac{১}{২}$ তোলা রৌপ্যের সমান হলে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii — ক

৪১. সমাজকল্যাণে যাকাতের গুরুত্ব হলো— [উচ্চতর দক্ষতা]

i. দরিদ্র শ্রেণির কল্যাণে সম্পদশালীদের সচেতন করে তোলে
ii. সামাজিক ন্যায়বিচার ও সাম্য প্রতিষ্ঠার উত্তম পন্থা
iii. অসংখ্য দরিদ্র শ্রেণিকে আর্থিক দিক দিয়ে প্রতিষ্ঠিত করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — ঘ

নিচের উদ্দীপকটি পড় এবং ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও:

মাহমুদার প্রায় দশ ভরি স্বর্ণ রয়েছে। তার স্বামী তাকে বলল এ স্বর্ণের ওপর গরিবদের হক রয়েছে। তাই স্বর্ণের দাম হিসাব করে টাকা দান করতে হবে। মাহমুদা রাজি না হলে তার স্বামী এর গুরুত্ব সম্পর্কে বলেন।

৪২. উদ্দীপকে কোন ঐতিহ্যগত সমাজকল্যাণ প্রতিষ্ঠানের প্রতি ইঙ্গিত করা হয়েছে? [প্রয়োগ]

ক বায়তুল মাল খ যাকাত
গ ওয়াকফ ঘ সদকা — খ

৪৩. সমাজকল্যাণে উক্ত বিষয়ের গুরুত্ব সম্পর্কে বলা যায়— [উচ্চতর দক্ষতা]

i. ব্যক্তির আত্মোন্নয়ন ক্ষমতার বিকাশ ঘটায়
ii. নৈতিক উন্নয়ন সাধন করে
iii. সামাজিক নিরাপত্তাব্যবস্থা জোরদার করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii — ঘ

## ★ ধর্মগোলা, সরাইখানা ও দেবোত্তর

৪৪. কোন নীতির ওপর ভিত্তি করে ধর্মগোলার উদ্ভব? [জ্ঞান]

ক সুদহীন ঋণদানের মাধ্যমে কৃষকের মুক্তি
খ দুর্গত মানুষকে অকাল মৃত্যুর হাত থেকে রক্ষা
গ স্থানীয় ভিত্তিতে স্থানীয় সমস্যার মোকাবিলা
ঘ জাতীয় ভিত্তিতে স্থানীয় সমস্যার মোকাবিলা — গ

http://teachingbd.com

৪৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় খাদ্য সমস্যা ও দুর্ভিক্ষ মোকাবিলায় কোন প্রতিষ্ঠান গঠন করা হয়? [জ্ঞান]

ক লঙ্গরখানা খ সরাইখানা
গ ধর্মগোলা ঘ এতিমখানা **গ**

৪৬. কে গ্রান্ড ট্রাঙ্ক রোডের পাশে সরকারি ব্যবস্থাপনায় হিন্দু-মুসলমানদের জন্যে পৃথক সরাইখানার ব্যবস্থা করেছিলেন? [জ্ঞান]

ক ফিরোজ শাহ খ সম্রাট অশোক
গ শের শাহ ঘ সিরাজ শাহ **গ**

৪৭. ধর্মগোলা প্রতিষ্ঠা করা হয়েছিল— [অনুধাবন]

i. স্থানীয় পর্যায়ে দুর্ভিক্ষ মোকাবিলার লক্ষ্যে
ii. কৃষকদের মধ্যে শস্য বিতরণ
iii. স্থানীয় পর্যায়ে খাদ্যাভাব মোকাবিলার লক্ষ্যে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৪৮. দেবোত্তর সম্পত্তি দান করতে দেখা যায়— [অনুধাবন]

i. সরকারি উচ্চপদস্থ কর্মকর্তাদের
ii. সাবেক হিন্দু জমিদারদের
iii. হিন্দু মানবহিতৈষী ব্যক্তিবর্গকে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

## ★★ বায়তুল মাল

৪৯. বায়তুল মালের প্রধান উদ্দেশ্য কী? [জ্ঞান]

ক সকলের মৌল চাহিদা নিশ্চিতকরণ
খ রাষ্ট্রের শৃঙ্খলা বজায় রাখা
গ রাষ্ট্রের আয়-ব্যয় নির্বাহ করা
ঘ রাষ্ট্রের কল্যাণমূলক কাজ করা **ঘ**

৫০. কার আমলে প্রথম রাষ্ট্রের ধনসম্পদে আপামর জনগণের হিস্যা স্বীকার করে নেওয়া হয়? [জ্ঞান]

ক হযরত আবু বকর (রা)
খ হযরত আলী (রা)
গ হযরত ওসমান (রা)
ঘ হযরত ওমর (রা) **ঘ**

৫১. বায়তুল মালে জমাকৃত সম্পদের খাতসমূহের অন্তর্ভুক্ত— [অনুধাবন]

i. উত্তরাধিকারবিহীন ধনসম্পত্তি
ii. অমুসলিম নাগরিকদের কাছ থেকে আদায়কৃত জিজিয়া কর
iii. মানবহিতৈষী ব্যক্তিবর্গের স্বেচ্ছায় দানকৃত ধনসম্পদ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ ওয়াকফ ও এতিমখানা

৫২. কোনো মুসলমানের সম্পত্তি আংশিক বা সম্পূর্ণভাবে ধর্মীয় ও জনহিতকর কাজে স্থায়ীভাবে দান করাকে ইসলামি পরিভাষায় কী বলে? [জ্ঞান]

ক সদকা খ ওয়াকফ
গ যাকাত ঘ ধর্মগোলা **খ**

৫৩. ওয়াকফের শাব্দিক অর্থ কী? [শাহজালাল সিটি কলেজ, সিলেট]

ক ঘর খ আগার গ মাল ঘ আটক **ঘ**

৫৪. কার মতে 'ওয়াকফ' শব্দের অর্থ কোনো নির্দিষ্ট বস্তুতে ওয়াকিফ? [জ্ঞান]

ক ইমাম আবু ইউসুফের
খ ইমাম মুহাম্মদের
গ ইমাম আবু হানিফা-এর (র)
ঘ ইমাম তিরমিযির **গ**

৫৫. খান বাহাদুর ওয়াকফ এস্টেট কোথায় অবস্থিত? [জ্ঞান]

ক ঢাকায় খ চট্টগ্রামে
গ সিলেটে ঘ খুলনায় **গ**

৫৬. ১৯৪৩ সালে তৎকালীন সরকার কয়টি এতিমখানা স্থাপন করেন? [জ্ঞান]

ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি **গ**

৫৭. ওয়াকফের শর্ত হলো— [অনুধাবন]

i. ওয়াকফকারীকে সাবালক হতে হবে
ii. ওয়াকফের উদ্দেশ্য নির্দিষ্ট হতে হবে
iii. ওয়াকফকারীকে সুস্থ মনের অধিকারী হতে হবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৫৮. সমাজকল্যাণে ওয়াকফের গুরুত্ব হলো— [উচ্চতর দক্ষতা]

i. বিভিন্ন জনকল্যাণমূলক প্রতিষ্ঠান গড়ে তোলে
ii. সমাজের দুস্থ ও অসহায় জনগোষ্ঠীর কল্যাণ সাধন করে
iii. কেবলমাত্র ধনীদের কল্যাণ সাধন করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

http://teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৫৯ ও ৬০ নং প্রশ্নের উত্তর দাও:

ফিরোজ আহমেদ গত ৩০ বছর যাবৎ একটি প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তার প্রতিষ্ঠানটি পরিত্যক্ত, এতিম ও দুস্থ পরিবারের শিশু ও কিশোরদের আশ্রয় ও ভরণ-পোষণের ব্যবস্থা করে থাকে। এটি সনাতন সমাজকল্যাণ প্রতিষ্ঠানের মধ্যে খুবই গুরুত্বপূর্ণ।

৫৯. উদ্দীপকে ফিরোজ সাহেব কোন প্রতিষ্ঠানের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন? [প্রয়োগ]

ক এতিমখানা
খ ডে-কেয়ার সেন্টার
গ প্রাথমিক বিদ্যালয়
ঘ কিশোর অপরাধ সংশোধন কেন্দ্র **ক**

৬০. উক্ত প্রতিষ্ঠানটির বৈশিষ্ট্য হলো— [উচ্চতর দক্ষতা]

i. শিশু-কিশোরদের অন্তর্নিহিত ক্ষমতা বিকাশের জন্যে শিক্ষা ও কারিগরি শিক্ষার ব্যবস্থা করা
ii. মেয়ে নিবাসীদের বিয়ে দিয়ে সাংসারিক জীবনে পুনর্বাসনে ব্যবস্থা করা
iii. একঘেয়েমি দূর করার জন্যে বিনোদনমূলক কার্যক্রমের ব্যবস্থা করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

## ★ সমাজকর্ম ও সমাজসেবার সম্পর্ক

৬১. সমাজসেবার মূল লক্ষ্য কী? [অনুধাবন]

ক মানুষকে সচেতন করা
খ মানুষকে অর্থনৈতিক সম্পদে পরিপূর্ণ করা
গ মানুষকে সহায়তা করা
ঘ মানুষকে আচার-আচরণ শিক্ষা দেওয়া **গ**

৬২. আধুনিক পরিবর্তনশীল সমাজজীবনে সমাজকর্ম ও সমাজসেবার উদ্ভব হয়েছে কীসের ওপর ভিত্তি করে? [অনুধাবন]

ক মানুষের আনন্দ সুখের প্রেক্ষিতে
খ মানুষের আর্থ-সামাজিক চাহিদার প্রেক্ষিতে
গ মানুষের নানাবিধ ও বিচিত্র সমস্যার প্রেক্ষিতে
ঘ মানুষের শান্তি-শৃঙ্খলার প্রেক্ষিতে **গ**

৬৩. প্রাক-শিল্পযুগে সমাজসেবার চালিকাশক্তি ছিল— [জ্ঞান]

ক ধর্মীয় অনুশাসন খ বিভিন্ন ট্যাবু
গ ভ্রাতৃত্ববোধ ঘ সেনা শাসন **ক**

৬৪. সমাজকল্যাণ ও সমাজসেবার মধ্যে সাদৃশ্য হলো উভয়টি— [অনুধাবন]

i. মানবকল্যাণ ও মানবসম্পদ উন্নয়নে ব্যাপৃত
ii. সরকারি ও বেসরকারি পর্যায়ে সংগঠিত কার্যক্রম
iii. শুধুমাত্র প্রশিক্ষণ ও প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নে কর্মসূচি

নিচের কোনটি ঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৬৫. সমাজকর্ম ও সমাজসেবার মূল লক্ষ্য হলো— [অনুধাবন]

i. পশ্চাৎপদ ও দরিদ্র মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন
ii. মানুষকে স্বাবলম্বী করা
iii. কল্যাণরাষ্ট্রের ভিত তৈরি করা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ সামাজিক নিরাপত্তা ও সমাজকর্মের সম্পর্ক

৬৬. সমাজকর্মের আধুনিকতার বীজ রোপিত রয়েছে কোন কর্মসূচির মাধ্যমে? [জ্ঞান]

ক সমাজসেবা খ সামাজিক নিরাপত্তা
গ সদকা ঘ দানশীলতা **খ**

৬৭. কোন কারণে সামাজিক নিরাপত্তা কর্মসূচির প্রবর্তন করা হয়? [অনুধাবন]

ক আকস্মিকভাবে উৎপন্ন বিপদের মোকাবিলায়
খ সামাজিক উন্নয়নের অভিপ্রায়ে
গ রাজনৈতিক স্থিতিশীলতা আনতে
ঘ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে **ক**

৬৮. কোনটি ব্যক্তি ও তার পরিবারের জন্য একটি অর্থনৈতিক প্রতিরক্ষামূলক ব্যবস্থা হিসেবে স্বীকৃত? [জ্ঞান]

ক সামাজিক নিরাপত্তা খ সামাজিক অনুষ্ঠান
গ ধর্মীয় অনুষ্ঠান ঘ সামাজিক রীতিনীতি **ক**

৬৯. সামাজিক নিরাপত্তার দৃষ্টান্ত হলো— [অনুধাবন]

ক বার্ধক্যের নির্ভরশীলতায় প্রতিরক্ষামূলক কার্যক্রম
খ শিল্প দুর্ঘটনা ও বিকলাঙ্গতাজনিত অক্ষমতায় গৃহীত প্রতিরোধ কর্মসূচি
গ বেকারত্বজনিত অক্ষমতায় পুনর্বাসন কর্মসূচি
ঘ অসুস্থতাজনিত সেবা কার্যক্রম

*[নোট: উত্তর সবগুলো]*

৭০. কোন সামাজিক নিরাপত্তা ব্যবস্থায় সেবাগ্রহীতার আইনগত কোন অধিকার নেই? *[সকল বোর্ড-২০১৬]*

ক অবসর ভাতা খ জীবন বিমা
গ সামাজিক সাহায্য ঘ কল্যাণ তহবিল **গ**

৭১. সামাজিক নিরাপত্তা কর্মসূচির সৃষ্টি হয় কোন আইন দ্বারা? *[গাজীপুর সিটি কলেজ]*

ক ১৮৩৪ সালের দরিদ্র আইন
খ ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশন
গ ১৯৪২ সালের বিভারিজ রিপোর্ট
ঘ ১৯৮৫ সালের আইন দ্বারা **গ**

http://teachingbd.com

৭২. উদ্দেশ্য ও লক্ষ্যের ভিত্তিতে যেসব বিষয়ের মিল রয়েছে— [অনুধাবন]

i. সমাজকর্ম
ii. সামাজিক নিরাপত্তা
iii. রাষ্ট্রবিজ্ঞান

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii **খ**

### ★★ সমাজকর্ম ও সামাজিক পরিবর্তনের সম্পর্ক

৭৩. সামাজিক পরিবর্তনের ফলে— [অনুধাবন]

ⓚ সামাজিক আইন, রীতিনীতি, মূল্যবোধের পরিবর্তন হয়
ⓖ মানুষে মানুষে ভেদাভেদ সৃষ্টি হয়
ⓖ সমাজে ধনী দরিদ্রের বৈষম্য বৃদ্ধি পায়
ⓘ সামাজিক সমস্যা তৈরি হয় **ক**

৭৪. শহরায়ন পরিকল্পিত পরিবর্তন কেন? *[নটর ডেম কলেজ, ঢাকা]*

ⓚ জীবনমান উন্নয়নের জন্য
ⓖ ইচ্ছাকৃতভাবে পরিবর্তন ঘটায় বলে
ⓖ বাঞ্ছিত পরিবর্তন আনয়ন করে বলে
ⓘ অবাঞ্ছিত পরিবর্তন আনয়ন করে বলে **ক**

৭৫. সামাজিক পরিবর্তনকে আবশ্যকীয় বিষয় হিসেবে বিবেচনা করা হয়। কারণ, এটি ছাড়া— [অনুধাবন]

i. কল্যাণ প্রত্যাশা করা যায় না
ii. সমাজ ব্যবস্থার অপরিহার্য অংশের পরিবর্তন সম্ভব নয়
iii. সামাজিক অগ্রগতি সম্ভব নয়

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii **খ**

### ★ সামাজিক উন্নয়ন ও সমাজকর্মের সম্পর্ক

৭৬. সামাজিক উন্নয়ন ও সমাজসেবামূলক কার্যক্রম পরিচালনা করে জনসমষ্টির জীবনমান উন্নয়নে কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? [অনুধাবন]

ⓚ সমাজবিজ্ঞান ⓖ সমাজকর্ম
ⓖ রাষ্ট্রবিজ্ঞান ⓘ নৃবিজ্ঞান **খ**

৭৭. সামাজিক উন্নয়ন বলতে বোঝায়- *[সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা]*

ⓚ অপ্রত্যাশিত নেতিবাচক পরিবর্তন
ⓖ বাঞ্ছিত ইতিবাচক পরিবর্তন
ⓖ অপরিকল্পিত প্রাকৃতিক ও পরিবর্তন
ⓘ সমাজের এক স্তর হতে অন্য স্তরে রূপান্তর **খ**

৭৮. সমাজকর্মী আবুল হোসেন কিছু কৌশল অবলম্বন ও প্রয়োগ করে সমাজের বাঞ্ছিত পরিবর্তন আনয়নে বেশ তৎপর। উদ্দীপকে বর্ণিত আবুল হাসেন কীভাবে সামাজিক কল্যাণ সুনিশ্চিত করতে সক্ষম হবেন? [প্রয়োগ]

ⓚ সম্পদ ও সামর্থ্যের সর্বোচ্চ সদ্ব্যবহারের মাধ্যমে
ⓖ সম্পদ ও সামর্থ্যের সমন্বয় সাধনের মাধ্যমে
ⓖ সম্পদ ও সামর্থ্যের বিকাশ সাধনের মাধ্যমে
ⓘ সম্পদ ও সামর্থ্য পরিমাপের মাধ্যমে **ক**

৭৯. সমাজকর্মের মূল লক্ষ্য হচ্ছে— [অনুধাবন]

i. সমাজের পরিবর্তন সাধন
ii. সরকার কাঠামোর পরিবর্তন সাধন
iii. কল্যাণমুখী সমাজ প্রতিষ্ঠা করা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii **খ**

### ★ সামাজিক নিয়ন্ত্রণ ও সমাজকর্ম

৮০. রেহানা তার স্বামীর নির্যাতনে দিশেহারা। রেহানা কী করবে কিছুই বুঝতে পারছিল না। এমন সময় 'ক' নামক একজন ব্যক্তি তাকে তার সমস্যা সমাধানের ক্ষেত্রে পরামর্শ দেন এবং শেষ পর্যন্ত তার সমস্যা সমাধান করে দেন। 'ক'-এর পরিচয় হচ্ছে? [প্রয়োগ]

ⓚ সমাজকর্মী ⓖ আইনজীবী
ⓖ প্রকৌশলী ⓘ শিক্ষক **ক**

৮১. কতকগুলো আদর্শ মূল্যবোধ ও রীতিনীতির সমষ্টি মানুষের শৃঙ্খলাবদ্ধ আচরণকে পরিচালিত করলে তাকে কী বলে? [জ্ঞান]

ⓚ সামাজিক পরিবর্তন ⓖ সামাজিক উন্নয়ন
ⓖ সমাজ সেবা ⓘ সামাজিক নিয়ন্ত্রণ **ঘ**

৮২. সামাজিক নিয়ন্ত্রণের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য হলো— [অনুধাবন]

i. সমাজের শৃঙ্খলা রক্ষা করা
ii. সমাজের সংহতি বজায় রাখা
iii. পরিবর্তনশীল সমাজের ভারসাম্য রক্ষা করা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii **ঘ**

### ★★ সামাজিক আন্দোলন, সমাজ সংস্কার

৮৩. সমাজব্যবস্থায় বিভিন্ন প্রথা, প্রতিষ্ঠান, রীতিনীতি, আইন, সামাজিক মূল্যবোধ ও আদর্শ— যা সমাজের জন্য ক্ষতিকর বিবেচিত সেগুলো অপসারণের জন্য জনগণের সুসংগঠিত ও সমন্বিত প্রচেষ্টাকে কী বলে? [জ্ঞান]

ⓚ সামাজিক নিয়ন্ত্রণ ⓖ সামাজিক পরিবর্তন
ⓖ সামাজিক আন্দোলন ⓘ সামাজিক রীতিনীতি **গ**

http://teachingbd.com

৮৪. 'সামাজিক আন্দোলন হলো অনেক মানুষের অংশগ্রহণের মাধ্যমে জনগোষ্ঠীর প্রত্যাশা পূরণে আইন, সরকারের নীতি বা সামাজিক আদর্শ পরিবর্তনের একটি সমন্বিত প্রচেষ্টা'— সংজ্ঞাটির উৎস কী? [জ্ঞান]

ক) সমাজবিজ্ঞান অভিধান
খ) সমাজকর্ম অভিধান
গ) সমাজকল্যাণ অভিধান
ঘ) রাষ্ট্রবিজ্ঞান অভিধান — খ

৮৫. সমাজ সংস্কার করা হয় কেন? *[বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা]*

ক) উন্নত সমাজ গঠনের জন্য
খ) সমাজের দোষত্রুটি অপসারণের জন্য
গ) সামাজিক আন্দোলনের জন্য
ঘ) সমাজসেবার জন্য — খ

৮৬. *'The Dictionary of Sociology'* গ্রন্থটিকে সম্পাদনা করেন? [জ্ঞান]

ক) হেনরি ফেয়ারচাইল্ড
খ) আর এম ম্যাকাইভার
গ) ডব্লিউ এ ফ্রিডল্যান্ডার
ঘ) জন লক — ক

৮৭. সমাজ সংস্কার আন্দোলন গড়ে তোলার উপায় নিচের কোনটি? [জ্ঞান]

ক) সচেতনতা সৃষ্টি → জনমত গঠন → প্রশাসনিক কাঠামো গঠন
খ) জনমত সৃষ্টি → সংগঠন → সচেতনতা সৃষ্টি
গ) প্রশাসনিক কাঠামো গঠন → জনমত → সচেতনতা সৃষ্টি
ঘ) সামাজিক আন্দোলন → জনমত সৃষ্টি → সংগঠন — ক

৮৮. কোনটি সৃষ্টিতে সমাজ সংস্কার ও সামাজিক আন্দোলন একে অপরের পরিপূরক হিসেবে কাজ করে? [জ্ঞান]

ক) অর্থনৈতিক পরিবেশ খ) সামাজিক পরিবেশ
গ) রাজনৈতিক পরিবেশ ঘ) সাংস্কৃতিক পরিবেশ — খ

৮৯. সমাজ সংস্কারের মাধ্যমে সমাজব্যবস্থাকে— [অনুধাবন]

i. কল্যাণকর অবস্থায় নেওয়া যায়
ii. মঙ্গলজনক অবস্থায় নেওয়া যায়
iii. উন্নতির পথে নেওয়া যায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ঘ

৯০. সংস্কার অর্থ হচ্ছে— [অনুধাবন]

i. সংশোধন ii. পরিবর্তন iii. স্থিতিশীল

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii — ঘ

## ★★ কতিপয় সমাজ সংস্কার আন্দোলন, সতীদাহ প্রথা

৯১. কোন ধর্ম মতে, স্বামীর সাথে একই চিতায় স্ত্রীর মৃত্যু হলে স্বামী-স্ত্রী উভয়েই স্বর্গবাসী হবে এবং পতির পিতৃ-মাতৃ উভয় কুলের তিন পুরুষ পাপমুক্ত হবে? [জ্ঞান]

ক) ইসলাম ধর্ম খ) হিন্দু ধর্ম
গ) জৈন ধর্ম ঘ) খ্রিষ্ট ধর্ম — খ

৯২. কে সতীদাহ প্রথা রদ করার জন্য হিন্দু সমাজকে সচেতন ও সংঘবদ্ধ করেছিল? [জ্ঞান]

ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) রাজা রামমোহন রায়
গ) লর্ড বেন্টিংক ঘ) লর্ড ডালহৌসি — খ

৯৩. সহমরণ বিষয়ে *'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ'* গ্রন্থটি কার লেখা? [জ্ঞান]

ক) রাজা রামমোহন রায় খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) বেগম রোকেয়া
ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় — ক

৯৪. *'প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ'* গ্রন্থটি কত সালে রচিত হয়? [জ্ঞান]

ক) ১৮১৮ সালে খ) ১৮১৯ সালে
গ) ১৮২০ সালে ঘ) ১৮২১ সালে — ক

৯৫. মুহসিন ট্রাস্ট গঠন করা হয়— *[সরকারি বরহামগঞ্জ কলেজ, শিবচর, মাদারীপুর]*

ক) সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনার জন্য
খ) ধর্মীয় কার্যক্রম পরিচালনার জন্য
গ) গরিব ও মেধাবী ছাত্রদের শিক্ষালাভে সহায়তার জন্য
ঘ) রাষ্ট্রীয় কার্যক্রম পরিচালনার জন্য — গ

৯৬. *তুহফাত-উল-মুয়াহিদীন* গ্রন্থের রচয়িতা— *[লক্ষ্মীপুর সরকারি কলেজ]*

i. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ii. রবীন্দ্রনাথ ঠাকুর iii. রাজা রামমোহন রায়

নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii গ) iii ঘ) i, ii ও iii — গ

## ★ হিন্দু বিধবা বিবাহ

৯৭. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে বাংলা রেনেসাঁর প্রতীকী পুরুষ হিসেবে বিবেচনা করা হয় কেন? [অনুধাবন]

ক) সতীদাহ প্রথা রদ করার জন্য
খ) মোহামেডান লিটারেরি সোসাইটি প্রতিষ্ঠা করার জন্য
গ) হিন্দু সমাজে বিধবা বিবাহ প্রচলনের জন্য
ঘ) উপমহাদেশের রাজনৈতিক সংস্কারে ভূমিকা রাখার জন্য — গ

http://teachingbd.com

৯৮. 'বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কি না এতদ্বিবিষয়ক প্রস্তাব'—গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? [জ্ঞান]

ক ১৮৫৪ খ ১৮৫৫
গ ১৮৫৬ ঘ ১৮৫৭ **খ**

৯৯. 'বাল্যবিবাহের দোষ' প্রবন্ধটি প্রকাশ করেন কে? [জ্ঞান]

ক রবীন্দ্রনাথ ঠাকুর খ কাজী নজরুল ইসলাম
গ রাজা রামমোহন রায় ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **ঘ**

১০০. বিধবা বিবাহ আইন পাস হয় কোন সালে? *[সকল বোর্ড-২০১৫]*

ক ১৮২৯ খ ১৮৩৩ গ ১৮৫৬ ঘ ১৮৭০ **গ**

১০১. 'বিধবা বিবাহ প্রবর্তন আমার জীবনের প্রধান সৎকর্ম'— উক্তিটি কার? *[রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, গাজীপুর]*

ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ রাজা রামমোহন রায়
গ স্বামী বিবেকানন্দ ঘ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় **ক**

১০২. নিপা রানি পাল নামের একজন হিন্দু বিধবার পুনরায় বিয়ে দেওয়া সম্ভব হয় কোন মনীষীর জন্য? *[মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ]*

ক রাজা রামমোহন রায় খ মহাত্মা গান্ধী
গ নারায়ণ চন্দ্র ঘ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর **ঘ**

১০৩. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন পত্রিকায় বাল্যবিবাহের দোষ প্রবন্ধটি প্রকাশ করেন? [জ্ঞান]

ক হিতকারী খ সর্বশুভকারী
গ সমাচার দর্পণ ঘ মিহির **খ**

১০৪. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর— [অনুধাবন]

i. বিধবা বিবাহ প্রচলন করেন
ii. সতীদাহ প্রথা রোধ করেন
iii. বহুবিবাহ রোধে সোচ্চার হন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

১০৫. বিধবা বিবাহ প্রচলনের সময় তৎকালীন সমাজের অবস্থা যে রকম ছিল— [অনুধাবন]

i. আশি বছরের বৃদ্ধের সাথে নাবালিকার বিয়ে হতো
ii. নারীরা স্বামীগৃহে নির্যাতিত হতো
iii. নারীদের স্বাধীনতা ছিল

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ নারী শিক্ষা আন্দোলন

১০৬. স্বামীর মৃত্যুর কত বছর পর বেগম রোকেয়া ভাগলপুরে 'সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল' প্রতিষ্ঠা করেন? [জ্ঞান]

ক ৫ বছর খ ১০ বছর
গ ১৫ বছর ঘ ২০ বছর **ক**

১০৭. বেগম রোকেয়া কোন গ্রন্থটি অসমাপ্ত রেখে যান? [জ্ঞান]

ক নারীর অধিকার খ পদ্মরাগ
গ মতিচুর ঘ অবরোধবাসিনী **ক**

১০৮. নারী জাগরণের শাণিত হাতিয়ার 'সুলতানার স্বপ্ন' গ্রন্থের লেখক কে? *[সকল বোর্ড-২০১৫]*

ক নওয়াব ফয়জুন্নেছা খ ভিকারুন্নেছা
গ বদরুন্নেছা ঘ বেগম রোকেয়া **ঘ**

১০৯. কত সালে কলকাতায় আন্তর্জাতিক মহিলা সম্মেলন অনুষ্ঠিত হয়? [জ্ঞান]

ক ১৯৩৬ খ ১৯৩৭ গ ১৯৩৮ ঘ ১৯৩৯ **ক**

১১০. ভাগলপুরের সোমার পড়াশোনার প্রতি অদম্য আকাঙ্ক্ষা সমাজপতিদের বাধা-নিষেধকে উপেক্ষা করে জয়ী হয়েছে। শিক্ষা তার অধিকার এ মনোভাবই তাকে জয়ী করে তুলেছে। তার মনোভাবে নিচের কোন মহীয়সীর চিন্তা প্রতিফলন ঘটেছে? [প্রয়োগ]

ক বেগম রোকেয়ার খ সেলিনা হোসেনের
গ জাহানারা ইমামের ঘ সুফিয়া কামালের **ক**

১১১. বেগম রোকেয়া 'মুসলিম মহিলা সমিতি' সংগঠনের মাধ্যমে— [অনুধাবন]

i. ধনী বালিকাদের উচ্চশিক্ষার সুযোগ করে দেন
ii. বিধবা ও আশ্রয়হীনদের কর্মসংস্থান সৃষ্টি করে দেন
iii. দুস্থ মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে কুটির শিল্প স্থাপন করেন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১২ ও ১১৩ নং প্রশ্নের উত্তর দাও:

একাদশ শ্রেণির সমাজকর্মের ক্লাসে পড়াতে গিয়ে স্যার বললেন, বাঙালি মুসলিম সমাজে নারী মুক্তি আন্দোলনের অগ্রদূত ১৮৮০ সালে জন্মগ্রহণ করেন। তার প্রচেষ্টা এবং সরকারি সাহায্যে ১৯২৯ সালে কলকাতায় মুসলিম মহিলা ট্রেনিং স্কুল প্রতিষ্ঠিত হয়।

১১২. অনুচ্ছেদে স্যার কার কথা উল্লেখ করেছেন? [প্রয়োগ]

ক সেলিনা হোসেন খ বেগম রোকেয়া
গ নূরজাহান বেগম ঘ সুফিয়া কামাল **খ**

১১৩. উক্ত মহীয়সীর উল্লেখযোগ্য অবদান হলো— [উচ্চতর দক্ষতা]

i. সাহিত্যকর্মে নারী আন্দোলনের প্রকাশ ঘটান
ii. মুসলমান নারীদের মূল্যবোধ পরিবর্তনের চেষ্টা করেন
iii. পুরুষশাসিত সমাজ ব্যবস্থার মূলে কুঠারাঘাত করেন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com